



## ইরান যুদ্ধে বড় ক্ষতি, আহত দেড়শ মার্কিন সেনা: রয়টার্স



ছবি: সংগৃহীত

ব্রিটিশ সংবাদ সংস্থা রয়টার্স—এর এক বিশেষ প্রতিবেদনে জানানো হয়েছে, ইরানকে কেন্দ্র করে চলমান যুদ্ধে এখন পর্যন্ত প্রায় ১৫০ জন যুক্তরাষ্ট্রের সেনা আহত হয়েছেন।

বুধবার (১১ মার্চ) প্রকাশিত ওই প্রতিবেদনে আরও বলা হয়, সংঘাতে অন্তত আটজন মার্কিন সেনা নিহত হয়েছেন।

এর আগে আহত সেনাদের প্রকৃত সংখ্যা প্রকাশ করা হয়নি। প্রাথমিক তথ্যে পেঙ্গাগন জানিয়েছিল, গুরুতর আহত হয়েছেন মাত্র আটজন সেনা সদস্য।

তবে রয়টার্সের অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশের পর পেঙ্গাগন নতুন বিবৃতিতে জানায়, মোট আহত সেনার সংখ্যা প্রায় ১৪০। যদিও তাদের বেশিরভাগের আঘাত গুরুতর নয়।

পেঙ্গাগনের মুখপাত্র সিয়ান পারনেল বলেন, আহতদের মধ্যে ১০৮ জন ইতোমধ্যে দায়িত্বে ফিরে গেছেন। গুরুতর আহত আটজনকে সর্বোচ্চ চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে।

LENS ASIA